

প্রথম আলো

28 JUN 2013  
১৩১

কোচিং নীতিমালা সংশোধন  
সব বিষয়ে পড়ালেও  
১২০০ টাকার বেশি  
নেওয়া যাবে না

নিজস্ব প্রতিবেদক •

অতিরিক্ত ক্লাসের টাকা পুনর্নির্ধারণ করে  
শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষকদের কোচিং-  
বাণিজ্য বন্ধ নীতিমালা সংশোধন করেছে  
শিক্ষা মন্ত্রণালয়। সংশোধিত নীতিমালা  
অনুযায়ী, একজন শিক্ষার্থী কয়েকটি  
বিষয় এমনকি সব বিষয় পড়লেও  
তার কাছ থেকে সর্বোচ্চ এক হাজার  
২০০ টাকার বেশি নেওয়া যাবে না।

তবে প্রতি বিষয় পড়ানোর ক্ষেত্রে  
আপেক্ষিত নীতিমালা অনুযায়ী, মহানগর  
এলাকার শিক্ষার্থী প্রতি ৩০০ টাকা,  
জেলা শহরে ২০০ ও উপজেলা বা  
স্থানীয় পর্যায়ে ১৫০ টাকা নেওয়া যাবে।  
অর্থাৎ কোনো শিক্ষাপ্রতিষ্ঠানে যদি  
প্যাকেজের আওতায় সব বিষয়ও  
পড়ানো হয়, তবে একজন শিক্ষার্থীর  
কাছ থেকে এক হাজার ২০০ টাকার  
বেশি নেওয়া যাবে না। তবে চারটি  
পর্বে বিষয় পড়ানো হলে একজন  
শিক্ষার্থীর কাছ থেকে প্রতি বিষয়ের  
জন্য যে টাকা নির্ধারণ করা হয়েছে,  
সেই হিসাবে টাকা নেওয়া যাবে।

গতকাল বুধবার সচিবালয়ে  
শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ ও  
শিক্ষাসচিব কামাল আবদুল নাসের  
চৌধুরী সাবেকদের কাছে এ তথ্য  
জানান। গতকাল দুপুরে ২০১২ সালের  
শিক্ষাপ্রতিষ্ঠানের বর্ষান্তর পরীক্ষার  
কোচিং-বাণিজ্য বন্ধ নীতিমালা  
২০১২ জারি করা হয়।